তারিখ ... 12 MAY 2016 ...
পৃষ্ঠা ...৩... কলাম ...২...

যুগান্তর

# চট্টগ্রাম বোর্ডে ভালো করেছে পার্বত্য জেলার স্কুলগুলো

## টানা ১২ বার বোর্ড সেরা কলেজিয়েট স্কুল

চট্টগ্রাম ব্যুরো

চট্টগ্রাম শিক্ষা বোর্ডের অধীনে এসএসসি পরীক্ষায় গত বছরের চেয়ে এ বছর পাসের হার ও জিপিএ-৫ দুটিই বেড়েছে। চট্টগ্রাম শিক্ষা বোর্ডে এবার পাসের হার ৯০ দশমিক ৪৪ শতাংশ। এর মধ্যে ছাত্র ৯০.৯৭ শতাংশ ও ছাত্রী ৮৯.৯৯ শতাংশ। জিপিএ-৫ পেয়েছে ৭ হাজার ৬৬৬ জন। গেল বছর পাসের হার ছিল ৮২ দশমিক ৭৭ শতাংশ। জিপিএ-৫ পেয়েছিল ৭ হাজার ১১৬ জন। গতবারের তুলনায় এবার পাসের হার বেড়েছে ৭ দশমিক ৬৭ শতাংশ।

এদিকে ফলাফল ঘোষণার পরপরই ভালো ফল অর্জনকারী স্কুলগুলোতে বাধভাঙা উল্লাসে ফেটে পড়ে শিক্ষার্থী ও অভিভাবকরা। শিক্ষা বোর্ড সেরা স্কুলের তালিকা না করলেও যথারীতি জিপিএ-৫ ও শতভাগ পাসের হারে সেরা স্কুল হিসেবে এবারও শীর্ষে রয়েছে চট্টগ্রাম কলেজিয়েট স্কুল। বুধবার দুপুরে চট্টগ্রাম শিক্ষা বোর্ড কার্যালয়ে এসএসসি পরীক্ষার ফলাফল ঘোষণা করেন বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক মাহাবুব হাসান। তিনি বলেন, গেল বছর গণিতে প্রথমবারের মতো সৃজনশীল পদ্ধতিতে পরীক্ষা নেয়ার কারণে শিক্ষার্থীদের বুঝতে কিছুটা সমস্যা হয়; যার কারণে ফলাফল খারাপ হয়েছিল। তবে এবার সৃজনশীল শিক্ষার্থীদের আয়ত্তে আসায় ফলাফল গতবারের তুলনায় ভালো হয়েছে। প্রতিবারই তিন পার্বত্য জেলার স্কুলগুলো পাসের হারে পিছিয়ে থাকায় চট্টগ্রাম শিক্ষা বোর্ডের সার্বিক ফলাফলে তা প্রভাব পড়ত। এবার তিন পার্বত্য জেলার পাসের হারও বেড়েছে। যার কারণে চট্টগ্রাম শিক্ষা বোর্ডের পাসের হারও ভালো হয়েছে। এ ফলাফলে আমরা সন্তুষ্ট।

চট্টগ্রাম শিক্ষা বোর্ড সূত্র জানায়, এ বছর এসএসসি পরীক্ষায় ৯৯৮টি বিদ্যালয় থেকে ১ লাখ ১৩ হাজার ২৮৭ জন শিক্ষার্থী অংশ নেয়। ■ পৃষ্ঠা ৭ : কলাম ৪

## ভালো করেছে পার্বত্য জেলার স্কুলগুলো

(৩য় পৃষ্ঠার পর)

বোর্ডের ৯০ দশমিক ৪৪ শতাংশ পাসের হারের মধ্যে ছাত্র পাসের হার ৯০ দশমিক ৯৭ শতাংশ এবং ছাত্রী পাসের হার ৮৯ দশমিক ৯৯ শতাংশ। তিনটি বিভাগের মধ্যে বিজ্ঞান বিভাগে পাসের হার ৯৫ দশমিক ৯১ শতাংশ, মানবিক বিভাগে ৮৩ দশমিক ৮২ শতাংশ ও ব্যবসায় শিক্ষা বিভাগে ৯১ দশমিক ৬২ শতাংশ। এবার চট্টগ্রাম মহানগরীতে পাসের হার ৯৫ দশমিক ৩৩ শতাংশ, চট্টগ্রাম জেলায় পাসের হার ৯০ দশমিক ৩৭ শতাংশ। এছাড়া কক্সবাজারে পাসের হার ৯১ দশমিক ২৭ শতাংশ, রাঙ্গামাটি জেলায় ৮৪ শতাংশ, খাগড়াছড়িতে ৭৮ দশমিক ৭৪ শতাংশ এবং বান্দরবানে ৮২ দশমিক ৬৪ শতাংশ। ৮৮টি বিদ্যালয়ের শিক্ষার্থীরা শতভাগ পাস করেছে।

**চট্টগ্রামে সেরা স্কুল** : চট্টগ্রাম শিক্ষা বোর্ডে এবারও ১ম স্থানটি ধরে রেখেছে চট্টগ্রাম কলেজিয়েট স্কুল। ২০০৪ থেকে ২০১৬ সাল পর্যন্ত টানা ১২ বার বোর্ড সেরা হয়েছে এ স্কুলটি। এবারে কলেজিয়েট স্কুলে ৪০২ জন শিক্ষার্থী অংশ নিয়ে সবাই পাস করেছে। জিপিএ-৫ পেয়েছে ৩৭৯ জন। তবে মন্ত্রণালয়ের নির্দেশনা থাকায় এবার আনুষ্ঠানিকভাবে বোর্ড সেরা স্কুল ঘোষণা করা হয়নি। দ্বিতীয় স্থানে রয়েছে চট্টগ্রাম সরকারি মুসলিম হাই স্কুল। এ স্কুলে ৪১৪ জন শিক্ষার্থীর মধ্যে সবাই পাস করেছে। জিপিএ-৫ পেয়েছে ৩৩৮ জন। তৃতীয় স্থানে রয়েছে ডা. খাস্তগীর বালিকা উচ্চ বিদ্যালয়। এ স্কুলে ৩১৯ জন শিক্ষার্থীর মধ্যে সবাই পাস করেছে। জিপিএ-৫ পেয়েছে ২৮০ জন।